"শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

BAPEX

# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
**(A Company of Petrobangla)**

**স্মারক নম্বর:** ২৮.০৯.০০০০.০০০.০১২.৩৯.০০০২.২৬/ ২২৯ **তারিখ:** ৫ এপ্রিল ২০২৬

## অফিস আদেশ

বাপেক্স এর ফেব্রুয়ারি-২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত (ক্রমিক নং-১২.১ এর ২) অনুযায়ী কোম্পানির বিভিন্ন স্থানীয় ও বৈদেশিক মালামাল ক্রয়, কার্যসম্পাদন, এবং ভৌত সেবা ও বুদ্ধিবৃত্তিক সেবা গ্রহণের লক্ষ্যে আহবায়িত দরপত্র এবং প্রস্তাব মূল্যায়নের জন্য গঠিত মূল্যায়ন কমিটিকে নিম্নরূপে মূল্যায়ন কার্য সম্পাদন করার নির্দেশনা প্রদান করা হলো:

**১. পণ্য ক্রয়, কার্য ও ভৌত সেবা এবং তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণের ক্ষেত্রে দরপত্র মূল্যায়ন পদ্ধতি:**

পিপিআর-২০২৫ এর বিধি-১১৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি নিম্নোক্ত চারটি ধাপে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করবে:

ক. প্রাথমিক পরীক্ষা-নিরীক্ষা (Preliminary examination);

খ. কারিগরি যাচাই-বাছাই, যোগ্যতা মূল্যায়ন ও গ্রহণযোগ্যতা নির্ধারণ (Technical examination and responsiveness);

গ. আর্থিক মূল্যায়ন ও দরসমূহের তুলনা (Financial evaluation and price comparison); এবং

ঘ. দাখিল উত্তর যোগ্যতা প্রতিপাদন (Post qualification) ।

এছাড়াও মূল্যায়ন কমিটি পণ্য ক্রয়, কার্যসম্পাদন ও ভৌত সেবা এবং তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণের ক্ষেত্রে (প্রযোজ্য ক্ষেত্রে) পিপিআর-২০২৫ এর বিধি-৮৪ ও ৮৫, ৮৮ ও ৮৯, ৯৪, ১১৮ এ বর্ণিত প্রক্রিয়া অনুসরণপূর্বক দরপত্র মূল্যায়ন কার্য সম্পাদন করবে।

**২. বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা গ্রহণের ক্ষেত্রে প্রস্তাব মূল্যায়ন পদ্ধতি:**

বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের জন্য আগ্রহব্যক্তকরণের অনুরোধ (EOI) ও প্রস্তাবের (RFP) মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটি পিপিআর-২০২৫ এর বিধি-১৩৭, ১৩৯, ১৪১, ১৪২ ও ১৪৩ অনুসরণপূর্বক মূল্যায়ন কার্য সম্পাদন করবে। পিপিআর-২০২৫ এর বিধি অনুযায়ী মূল্যায়ন কমিটি দরপত্রের কারিগরি বিনির্দেশ/Terms of Reference (ToR) সুনির্দিষ্টভাবে যাচাই-বাছাই, দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাই-বাছাই এবং দাখিলকৃত End User Certificate, ISO & API Certificate ইত্যাদি যাচাই-বাছাই এর কাজ নিশ্চিত করবে।

এছাড়াও মূল্যায়ন কমিটি পিপিআর-২০২৫ এর তফসিল-৬ এ বর্ণিত সময়সীমার মধ্যে স্থানীয় ও আন্তর্জাতিক দরপত্র/প্রস্তাব এর মূল্যায়ন কার্য আবশ্যিকভাবে সম্পাদন করবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর
উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
উপ-মহাব্যবস্থাপক (ঠি কোন)
উপ-মহাব্যবস্থাপক (ইউটিআইএস)
উপ-মহাব্যবস্থাপক (এইচএসই)
তারিখ: ৭/৪/২৬ সময়: ৪:৫০

২১/০৪/২৬

০৫/০৪/২০২৬
(মোঃ আসাদ উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুরোধসহকারে):**

১. মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক পরিকল্পনা ও আইসিটি ....................................., বাপেক্স, ঢাকা/চট্টগ্রাম।
২. উপমহাব্যবস্থাপক (আইসিটি এন্ড এমআইএস), বাপেক্স, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের করার অনুরোধ সহকারে)।
৩. ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
৪. অফিস কপি।